




স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০৩.০১.০০১.২০-২৯৭

তারিখ: ০৭ চৈত্র ১৪২৬
২১ মার্চ ২০২০

গণবিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধের লক্ষ্যে গফরগাঁও উপজেলায় সকল ধরনের রাজনৈতিক/সামাজিক/ধর্মীয় ও সাংস্কৃতিক সভা, সমাবেশ, সাপ্তাহিক হাট, গণজমায়েত, কোচিং সেন্টার, ক্লাব, বিনোদন পার্ক, কমিউনিটি সেন্টার, যে কোন ধরনের পার্টি এবং জনবহুল রেস্টুরেন্ট বন্ধ রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। এছাড়া যে সকল প্রবাসীগণ ১৫ দিনের মধ্যে দেশে ফিরেছেন তাদেরকে আবশ্যিকভাবে নিজ বাড়িতে অবস্থান করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে সকল ব্যবসায়ীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, দেশে পর্যাপ্ত পরিমাণ খাদ্য সামগ্রী মজুদ আছে। বিনা কারণে দ্রব্য মূল্য বাড়িয়ে ভোক্তাদের প্রতারণা না করে এবং জনগণের মধ্যে ভীতি সৃষ্টি না করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। অনুরূপভাবে অপ্রয়োজনে একসাথে অধিক পরিমাণ খাদ্যদ্রব্য ক্রয় না করার জন্য সকলের প্রতি অনুরোধ করা হলো। যারা আইন অমান্য করবেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


২১/৩/২০২০
(কাজী মাহবুব উর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০৩.০১.০০১.২০-২৯৭/১()

তারিখ: ০৭ চৈত্র ১৪২৬
২১ মার্চ ২০২০

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
- ০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৬। উপজেলা, গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৮। অফিস কপি।

(কাজী মাহবুব উর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।